

উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মো: সাইদুর রহমান ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
তারিখ	:	০৫/০৮/২০২১ খ্রিস্টাব্দ।
সময়	:	বেলা ১০- ০০ মিনিট
সভাস্থল	:	উপজেলা পরিষদ সভাকক্ষ, কুমারখালী, কুষ্টিয়া।
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার আলোচ্য সূচী :


- ১। সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদক ও ইভ টিজিং প্রতিরোধ এবং দুর্যোগকালীন সময়ে করণীয় বিষয়ে সক্ষমতা বৃদ্ধিতে রোডার স্কাউট, গার্লস গাইডদের প্রশিক্ষণ।
- ২। বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য-সচিব উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং সর্বসম্মতক্রমে অনুমোদন করা হয়।

সভায় সদস্য-সচিব জানান যে, উপজেলায় বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে রোডার স্কাউট ও গার্লস গাইড আছে। এই সকল তরুণ উদীয়মান ছাত্র/ছাত্রীদের সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদক ও ইভ টিজিং প্রতিরোধ বিষয়ে ও দুর্যোগকালীন সেবা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করলে এই সকল ছাত্র/ছাত্রীরা এলাকায় যথেষ্ট অবদান রাখবে। সেজন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা পরিষদের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করার জন্য প্রস্তাব করেন। উল্লেখ্য উক্ত প্রশিক্ষণের জন্য ১,১০,০০০/- টাকা ব্যয় করার জন্য প্রস্তাব করেন।

সিদ্ধান্ত : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলার সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদক ও ইভ টিজিং প্রতিরোধ এবং দুর্যোগকালীন সময়ে করণীয় বিষয়ে সক্ষমতা বৃদ্ধিতে রোডার স্কাউট, গার্লস গাইডদের প্রশিক্ষণ এর জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ সাইদুর রহমান
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটি
উপজেলা পরিষদ
কুমারখালী, কুষ্টিয়া।